# বিদেশ হতে আগত বিদেশি নাগরিক (ই-৯)-এর সংক্রামক রোগের চিকিৎসা খরচ বহন সম্পর্কিত নির্দেশিকা

কোরিয়া প্রজাতন্ত্র বিদেশি নাগরিকের চিকিৎসা খরচ বহন সংক্রান্ত সংক্রামক রোগ প্রতিরোধ আইন (ধারা-৬৯, উপধারা-২) সংশোধন ও প্রয়োগ (আগস্ট ১২) আরম্ভ করার প্রেক্ষিতে বিদেশ থেকে আগত করোনা-১৯ সংক্রমিত বিদেশি নাগরিকের কোয়ারেন্টিন ও চিকিৎসা খরচ নিজে বহন সম্পর্কিত বিজ্ঞপ্তি

## ■ যার জন্য প্রযোজ্য

① পারস্পরিক নীতির ভিত্তিতে বিদেশ থেকে আগত করোনা পজিটিভ বিদেশি নাগরিক।

② বিদেশ থেকে আগত বিদেশি নাগরিক যিনি কোরিয়া প্রজাতন্ত্রের কোয়ারেন্টিন নির্দেশনা লঙ্ঘন* করে করোনা পজিটিভ হয়েছেন।

❖ সঙ্গানিরোধ ও সম্মেলন নিয়ন্ত্রণ ও নিষেধাজ্ঞা ইত্যাদি কোয়ারেন্টিন নির্দেশনা লঙ্ঘনকারী এবং ভুয়া পিএসআর টেস্ট রিপোর্ট জমাদানকারী।

## ■ সঙ্গানিরোধ, হাসপাতালে ভর্তি, চিকিৎসা খরচ নিজে বহনের পরিমাণ

➢ আইসোলেটেড ওয়ার্ডে ভর্তি খরচ (বেড ভাড়া)+চিকিৎসা খরচ+খাওয়া খরচ।

- **নিজ দোষে সংক্রমণ:**

  পাস্পরিক নীতি নির্বিশেষে সঙ্গানিরোধ, হাসপাতালে ভর্তি, চিকিৎসা খরচ ১০০% নিজে বহন।

- **পারস্পরিক নীতির প্রযোজ্যতা:**

➢ বিদেশি নাগরিকদের করোনা চিকিৎসার খরচ ১০০% বহনকারী দেশের নাগরিকের ক্ষেত্রে সে দেশের নাগরিকের ১০০% খরচ কোরিয়া প্রজাতন্ত্র বহন করবে।

➢ বিদেশি নাগরিকদের করোনা চিকিৎসার খরচ আংশিক বা শর্তসাপেক্ষে বহনকারী দেশের নাগরিকের ক্ষেত্রে হাসপাতালের আইসোলেটেড বেডের খরচ কোরিয়া প্রজাতন্ত্র বহন করবে, চিকিৎসা খরচ ও খাওয়া খরচ বিদেশি নাগরিক নিজে বহন করতে হবে।

➢ বিদেশি নাগরিকদের করোনা চিকিৎসার খরচ ০% বহনকারী দেশের নাগরিকের ক্ষেত্রে ১০০% খরচ বিদেশি নাগরিক নিজে বহন করতে হবে।